EMBASSY OF THE UNITED STATES OF AMERICA
PUBLIC AFFAIRS SECTION
TEL: 880-2-5566-2000
FAX: 880-2-9881677, 9885688
E-MAIL: DhakaPA@state.gov
WEBSITE: bd.usembassy.gov

কোকা-কোলা'র বোতলজাতকরণ কারখানা উদ্বোধন অনুষ্ঠানে রাষ্ট্রদূত বার্নিকাট এর বক্তব্য

জনাব ইরিয়াল ফিনান, প্রেসিডেন্ট বটলিং ইনভেস্টমেন্ট গ্রুপ, দ্য কোকা কোলা কোম্পানি

জনাব জন মার্ফি, প্রেসিডেন্ট, এশিয়া প্যাসিফিক গ্রুপ, দ্য কোকা কোলা কোম্পানি

ড মতিউর রহমান, মান্নীয় প্রধানমন্ত্রীর অর্থনৈতিক উপদেষ্টা,

প্রধান অতিথি মাননীয় অর্থমন্ত্রী এএমএ মুহিত

আসসালামু আলাইকুম, নমস্কার, শুভ অপরাহ্ণ!

কোকা কোলা'র নতুন বোতল উৎপাদন কারখানার উদবোধনীতে উপস্থিত থাকতে পেরে আমি গর্বিত। আমি জানি আমি বাংলাদেশে আসার পর এই অর্জনের জন্য কোকা-কোলা অনেক কঠিন পরিশ্রম করেছে। আমি বিশেষত কোকা-কোলা'র কর্মকর্তা ইরিয়াল ফিনান ও জন মার্ফিকে স্বাগত ও অভিনন্দন জানাতে চাই – গতকাল আমার তাদের সাথে সাক্ষাতের সুযোগ হয়েছিল এবং বাংলাদেশে এমন বিনিয়োগ বাস্তবে পরিণত করতে তাদের কাজে আমি অভিভূত। আরও অভিভূত কোকা-কোলা কারখানায় তরুণ ও তরুণীদের কর্মসংস্থানের ব্যবস্থা করায়। আমি খুবই সৌভাগ্যবান যে এই কারখানার পরিকল্পনাকারী ও মান নিয়ন্ত্রণ কর্মকর্তার সাথে পূর্বে আমার দেখা।

আগামীর বাংলাদেশে বিনিয়োগের ক্ষেত্রে কোকা-কোলার মত যুক্তরাষ্ট্রের কোম্পানিগুলোকে সহযোগিতার জন্য আমি বাংলাদেশ সরকারকে ধন্যবাদ জানাতে চাই। বাংলাদেশ এখন বেড়ে ওঠার একটি দেশ – লাখ লাখ মানুষ এখন মধ্যবিত্তের সুবিধা উপভোগ করছে। আগামী পাঁচ বছরের মধ্যে লাখ লাখ মানুষ দারিদ্র্য থেকে বেরিয়ে আসছে, যেহেতু বাংলাদেশ ইতমধ্যে দ্রুত অর্থনৈতিক উন্নতির দিকে এগিয়ে যাচ্ছে। কোকা-কোলা প্রায় ৭৫ মিলিয়ন ডলার বিনিয়োগ করেছে বাংলাদেশে এই বাজারকে সম্প্রসারণ করতে যার ব্যাপক সম্ভাবনা রয়েছে। দেশ ও জনগনের জন্য এটি একটি বড় আত্মবিশ্বাসের চিহ্ন। বাংলাদেশের উজ্জ্বল অর্থনৈতিক উন্নতির জন্য আমাদের ঢাকাস্থ যুক্তরাষ্ট্র দূতাবাসের লক্ষ্য হল কোকা-কোলার মত বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের কোম্পানিগুলোকে সার্বিক সহযোগিতা করা। যুক্তরাষ্ট্র সরকার দু'দেশের সুবিধার জন্য এই ধরনের সম্পর্ক উন্নয়নে সব সময় প্রস্তুত। আমরা জানি, একসাথে কাজ করার ফলে বিনিয়োগের পরিবেশ আরও উন্নতি হবে এবং

EMBASSY OF THE UNITED STATES OF AMERICA
PUBLIC AFFAIRS SECTION
TEL: 880-2-5566-2000
FAX: 880-2-9881677, 9885688
E-MAIL: DhakaPA@state.gov
WEBSITE: bd.usembassy.gov

যার ফলে কোকা-কোলার মত যুক্তরাষ্ট্রের আরও অন্যান্য কোম্পানিগুলো বাংলাদেশে বিনিয়োগের জন্য উৎসাহিত হবে।

এটি পরিষ্কার যে কোকা-কোলার কারখানা ভালুকাতে দারুণ কিছু নিয়ে আসবে। কারখানাটি যে কর্মসংস্থানের সুযোগ করেছে এবং কোকা-কোলা সত্যিকার অর্থে ব্যবসায়িক সামাজিক দায়বদ্ধতার উদাহরণ। আপনারা, কোকা-কোলা পরিবার দারুণ প্রতিবেশী এবং স্থানীয় গোষ্ঠির উন্নয়নে সাহায্য করতে দু'টি প্রাথমিক স্কুলে সরঞ্জামাদি দান করেছেন এবং পাশেরই একটি স্কুলের লাইব্রেরির ছাদ তৈরিতে সাহায্য করেছেন। তারা আন্তর্জাতিক উপকূল পরিষ্কার দিবসে কাজ করে পরিবেশ রক্ষায় সাহায্য করেছে, বাংলাদেশে সেইন্ট মার্টিনস দ্বীপ পরিষ্কার করতে কঠোর পরিশ্রম করেছে। বৈশ্বিকভাবে, কোকা-কোলা স্থায়ীত্বকে তাদের উন্নয়নের কৌশলের একটি গুরুত্বপূর্ণ অংশ হিসেবে দেখে। তাদের পণ্য প্রস্তুত এর প্রক্রিয়ায় পানীয় সম্পর্কে বোঝা ও পানির যথার্থ ব্যবহারে গুরুত্ব দেয়।

কিন্তু আমাদের মনে রাখতে হবে যে ব্যবসায়িক সামাজিক দায়বদ্ধতা একটি দ্বিমুখী পথ এবং কোনো প্রকল্পকে সফল হতে হলে সকলকে এর সঙ্গে জড়িত হতে হবে। আমি নিশ্চিত যে ভালুকাতে কোকা-কোলার দারুণ পরিকল্পনা রয়েছে এবং আমি উৎসাহিত করি এবং আশা করি যে স্থানীয় কমিউনিটি এই এলাকার মঙ্গলের জন্য এর সঙ্গে যুক্ত হবেন।

আমি আনন্দিত যে আমেরিকান প্রতিষ্ঠানটি বাংলাদেশে শুধু বিদেশি বিনিয়োগই নিয়ে আসছে না এটি দেশটির বৃহত্তর কল্যাণেও বিনিয়োগ করছে। এটি বাংলাদেশ এবং যুক্তরাষ্ট্র উভয় দেশের জন্যই সত্যিকার অর্থে লাভজনক এবং আগামী দিনে কোকাকোলা এই কর্মচাঞ্চল সোনার বাংলা'র জন্য আরো দারুণ সব কাজ করবে সেই প্রত্যাশা রইল।

অনেক ধন্যবাদ!

*বক্তৃতার জন্য তৈরি